# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ২২৭১

পর্ব-৯: দু‘আ (كتاب الدعوات)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - আল্লাহ সুবহানাহূ ওয়াতা‘আলার জিকির ও তাঁর নৈকট্য লাভ

### আরবী

وَعَنْ أَنَسٍ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِذَا مَرَرْتُمْ بِرِيَاضِ الْجَنَّةِ فَارْتَعُوا» قَالُوا: وَمَا رِيَاضُ الْجِنِّ؟ قَالَ: «حلق الذّكر» . رَوَاهُ التِّرْمِذِيّ

### বাংলা

২২৭১-[১১] আনাস (রাঃ) বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা যখন জান্নাতের বাগানে যাবে, তখন তোমরা বাগানের ফল খাবে। সাহাবীগণ জিজ্ঞেস করলেন, হে আল্লাহর রসূল! জান্নাতের বাগান কি? তিনি বললেন, যিকিরের মাজলিস। (তিরমিযী)[1]

### ফুটনোট

[1] হাসান লিগয়রিহী : তিরমিযী ৩৫১০, আহমাদ ১২৫২৩, শু‘আবূল ঈমান ৫২৬, সহীহাহ্ ২৫৬২, সহীহ আত্ তারগীব ১৫১১।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (إِذَا مَرَرْتُمْ بِرِيَاضِ الْجَنَّةِ) হাদীসে উল্লেখিত رياض (রিয়ায) শব্দটি رَوْضَةٌ শব্দের বহুবচন যার অর্থ হলো সবুজ শ্যামল উদ্ভিদে ভরপুর ভূমি।

ফারসী ভাষায় যাকে مرغزار (মার্গযার) বলা হয়। অর্থাৎ- এমন বাগান যা দুনিয়াতে বাগান কিন্তু পরকালে তা ব্যক্তির জন্য জান্নাতের কারণ হয়ে দাঁড়ায়। তবে অত্র হাদীসে رياض দ্বারা উদ্দেশ্য হচ্ছে, (مجالس الذكر) তথা আল্লাহর যিকিরের স্থানসমূহ। সুতরাং (مجالس الذكر) তথা আল্লাহর যিকিরের স্থানসমূহকে (رِيَاضُ الْجنَّةِ) তথা জান্নাতের বাগানের সাথে এজন্য সাদৃশ্য দেয়া হয়েছে যে, মানুষ আল্লাহর জিকির করলে তার শেষ পরিণাম (رِيَاضُ الْجنَّةِ) তথা জান্নাতের বাগানই হবে।

এ জিকির করা তাকে জান্নাতের বাগানের প্রবেশে বিশেষ সহযোগিতা করবে।

(فَارْتَعُوا) শব্দটির অর্থ হলো তোমরা তৃপ্তিসহকারে পানাহার করো। এর দ্বারা ইশারার মাধ্যমে বুঝানো হয়েছে তোমরা যিকিরের মাজলিসে বসে পূর্ণ সাওয়াব হাসিল করো।

(حِلَقُ الذِّكْرِ) দ্বারা উদ্দেশ্য হলো ‘ইলম অন্বেষণের স্থান যেখানে বসে বসে মানুষ দীনী ‘ইলম শিক্ষা করতে পারে।

‘আল্লামা ত্বীবী (রহঃ) বলেন, (حلق) হিলাক হচ্ছে মসজিদে একত্রিত হয়ে দীনী ‘ইলম শিক্ষা করা আর জিকির হচ্ছে সুবহা-নাল্ল-হ, আল হামদুলিল্লা-হ ইত্যাদি সুন্নাতী জিকিরগুলো। তবে বিষয়টিকে ব্যাপক অর্থে নেয়া বেশি ভাল।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56831

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন